

তিন দিন পেছাল চাকসু নির্বাচন

চবি সংবাদদাতা

২৪ সেপ্টেম্বর ২০২৫, ১২:০০ এএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদ নির্বাচন পেছানো হয়েছে। তিন দিন পিছিয়ে এখন নির্বাচন হবে ১৫ অক্টোবর। গত সোমবার সমাজবিজ্ঞান অনুষদে প্রার্থীদের সঙ্গে অনুষ্ঠিত মতবিনিময় সভায় নির্বাচনী প্রচারের জন্য পর্যাপ্ত সময় না পাওয়ার অভিযোগ করেন প্রার্থীরা। তাদের দাবির পরিপ্রেক্ষিতে নির্বাচন কমিশন ভোটগ্রহণের তারিখ পিছিয়ে দেওয়ার সিদ্ধান্ত নেয়।

গতকাল চাকসু নির্বাচনের সদস্য সচিব অধ্যাপক ড. একেএম আরিফুল হক সিদ্দিকী বলেন, চাকসু নির্বাচনের ভোটগ্রহণ ১২ অক্টোবর হওয়ার কথা ছিল। কিন্তু দুর্গাপূজা উপলক্ষে ২৮ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে। এতে প্রার্থীরা নির্বাচনী প্রচারের জন্য পর্যাপ্ত সময় পাবেন না। তাই তাদের আবেদন বিবেচনায় এনে নির্বাচন কমিশন ১৫ অক্টোবর চাকসু ও হল সংসদের নির্বাচনের তারিখ নির্ধারণ করেছে।

এ ছাড়া ১২ থেকে ১৬ অক্টোবর পর্যন্ত ক্লাস চলমান থাকলেও সব পরীক্ষা বন্ধ থাকবে বলেও জানান ড. আরিফুল হক সিদ্দিকী।

নির্বাচন কমিশনের ঘোষিত সূচি অনুযায়ী আজ বুধবার পর্যন্ত প্রার্থিতা প্রত্যাহারের সুযোগ থাকছে। আগামীকাল বৃহস্পতিবার প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে। ১৫ অক্টোবর সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।